স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা

তৃতীয় পত্র

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) চর্যাপদের সাধক কবিগণ অধ্যাত্মপথের যাত্রী হয়েও সমাজজীবনের মূল স্রোতধারার সঙ্গে নিজেদের একাত্ম করেছিলেন — উদ্ধৃতিটি অবলম্বনে চর্যাপদের তৎকালীন সমাজচিত্রের পরিচয় দিন।

(খ) 'অরণ্যকাণ্ড'-এ রামচন্দ্র ভক্তের ভগবান রূপের পাশাপাশি বীরত্বের মহিমাতেও উজ্জ্বল হয়েছেন' — আলোচনা করুন।

(গ) চৈতন্যদেবের সমকালীন সমাজচিত্রের বাস্তব রূপরেখাটি 'চৈতন্যভাগবত'-এর পাঠ্য অংশ অবলম্বনে নিজের ভাষায় ব্যক্ত করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) 'মেঘনাধবধ' কাব্যের ষষ্ঠ সর্গ অবলম্বনে লক্ষ্মণ চরিত্রের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন।

(ঙ) ''রবীন্দ্রনাথের 'আফ্রিকা' কবিতাটি একটি বিশেষ দেশকালের পটভূমিকায় চরিত হলেও এটি দেশকাল-নিরপেক্ষ অসাধারণ সৃষ্টি হিসেবেই গণ্য''— এ বিষয়ে আপনার অভিমত লিখুন।

(চ) 'বনলতা সেন' বাংলা সাহিত্যে নিঃসন্দেহে অমর সৃষ্টি এবং রবীন্দ্রনাথের পর এত সুন্দর ও সার্থক রোমান্টিক কবিতা আর সৃষ্টি হয় নি বলা যায় — সমালোচকের এই মন্তব্যের আলোকে 'বনলতা সেন' কবিতাটি ব্যাখ্যা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রাধা ও কৃষ্ণ চরিত্রে পৌরাণিক উৎস বা লৌকিক উপাদান — কোন্‌টি প্রাধান্য লাভ করেছে তা আলোচনা করুন।

(খ) জ্ঞানদাসকে চণ্ডীদাসের 'ভাব শিষ্য' বলা হয় কেন তা আলোচনা করুন।

(গ) রামায়ণের 'অরণ্যকাণ্ড' অবলম্বনে অত্রি মুনির আশ্রমে মুনিপত্নীর সঙ্গে সীতার কথোপকথন অংশটি সংক্ষেপে বর্ণনা করুন।

(ঘ) বৃন্দাবন দাসের চৈতন্যভাগবতের ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) কাব্যের আঙ্গিক বিচারে ছন্দ খুব গুরুত্বপূর্ণ বিষয় কেন — এ সম্পর্কে বিশদ আলোচনা করুন। ৪ + ৮

(চ) আধুনিক কবিতার ভাব ও রূপের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে বর্ণনা করুন।

(ছ) 'শতাব্দীর সূর্য আজি' কবিতায় কবি রবীন্দ্রনাথ লোভী স্বার্থান্বেষীদের মুখোস কীভাবে খুলে দিয়েছেন তা বর্ণনা করুন।

(জ) সাম্যবাদী চেতনার আলোয় কবি নজরুল 'নারী' কবিতায় পুরুষের অনুদার মনোভাবের কঠোর সমালোচনা ও নারীর অধিকার প্রতিষ্ঠার দাবি যেভাবে তুলে ধরেছেন তা বিশ্লেষণ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) শব্দার্থ লিখুন (যে-কোন **ছ'টি**) ঃ ১ × ৬ = ৬

মহাসুহ, সুনুপাখ, ধামার্থে, অহেরী, রাহী, তরাসিত, আবথা, কুয়িলী।

(খ) ভাষাতাত্ত্বিক টীকা লিখুন (যে-কোন **তিনটি**)ঃ ২ × ৩ = ৬

বড়্হিল, সাঙ্কমত, কাহ্ন, দহ, বাত।

(গ) 'কা আ তরুবর পঞ্চ বি ডাল।' — চরণটির সাধারণ ও তত্ত্বগত ব্যাখ্যা আলোচনা করুন।

(ঘ) 'রাধা বিরহ' অংশটি প্রক্ষিপ্ত কিনা তা আলোচনা করুন।

(ঙ) ''নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক-মুকুল-অবলম্ব।''

— পদটি কার রচনা ? কোন্ বিষয়ের পদ ? পদাংশটি ব্যাখ্যা করুন। ১ + ১ + ৪

(চ) 'শ্রীরাম বলেন পক্ষী তুমি মম বাপ।
কহিয়া সীতার বার্তা দূর কর তাপ।'

— কে, কখন, কাকে একথা বলেছিলেন ? কেন বলেছিলেন ? ১ + ২ + ১ + ২

(ছ) 'কল্লোল'-এর কবিগোষ্ঠীর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য কে ? আপনার মতামতসহ আলোচনা করুন। ১ + ৫

(জ) কাব্যে অলংকার সংযোজনের তাৎপর্য কী ? উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(ঝ) 'নাহি কাজ সীতায় উদ্ধারি' — কথাটি কে বলেছেন ? কেন বলেছেন ? বক্তা সম্পর্কে আপনার ধারণা সংক্ষেপে লিখুন। ১ + ১ + ৪

(ঞ) 'ভারতের একজন নারী বলেছিলেন' — নারীটি কে ? কী বলেছেন ? সংক্ষেপে লিখুন। ১ + ১ + ৪

(ট) 'হে দারিদ্র্য, তুমি মোরে ক'রেছ মহান !' — উদ্ধৃতিটির অর্থ ও তাৎপর্য বুঝিয়ে দিন।

(ঠ) 'সুররিয়ালিজম' বা 'অধিবাস্তববাদ' সম্পর্কে আপনার উপলব্ধি একটি অনুচ্ছেদে প্রকাশ করুন।